গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় ও মনিটরিং শাখা
www.mopme.gov.bd

**বিষয়: জুলাই ২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

গত ২৯ জুলাই ২০২১ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৪:০০ ঘটিকায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব গোলাম মোঃ হাসিবুল আলমের সভাপতিত্বে জুলাই ২০২১ মাসের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা "পরিশিষ্ট ক"-তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনাপূর্বক বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন | জুন ২০২১ মাসের কার্যবিবরণী দৃঢ়করণ করা হলো। | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ২ | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের বিষয়ে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখের মধ্যে দপ্তরসমূহ হতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ডিজি (সকল) |
| | | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইটে প্রতিমাসের ১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিয়মিত আপলোড করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং উপসচিব (সওম) |
| ৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অগ্রগতি ও পরবর্তী করণীয় সম্পর্কে আলোচনা | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী কর্মসম্পাদন করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল) এবং ডিজি (সকল) |
| ৪ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কে আলোচনা | মন্ত্রিপরিষদ বিভাগের সাথে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তরসমূহ কর্তৃক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং এপিএ টিম লিডার (সকল) |
| | | মন্ত্রণালয়ের অধীন দপ্তর/ সংস্থাসমূহের সাথে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং এপিএ টিম লিডার (সকল) |
| ৫ | অনিষ্পন্ন তালিকা | দপ্তরসমূহ ও মন্ত্রণালয়ের সকল শাখা হতে সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও পেন্ডিং তালিকার অগ্রগতির বিবরণ প্রতিমাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সমন্বয় ও মনিটরিং শাখায় প্রেরণ করতে হবে। | ডিজি (সকল) এবং উপসচিব (সকল) |
| | | অনিষ্পন্ন পত্রাদির বিষয়ে গত ০৫ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ অনুসরণপূর্বক অনিষ্পন্ন পত্রাদি নিষ্পন্নের চলমান ধারা অব্যাহত রাখতে হবে। বিষয়টি অতিরিক্ত সচিব (বিদ্যালয়) ফলোআপ করবেন। | অতিরিক্ত সচিব (সকল); ডিজি (সকল); যুগ্মসচিব (সকল); উপসচিব (সকল) |
| ৬ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন | 'মুজিববর্ষ' উপলক্ষ্যে গৃহীত ২টি গবেষণা প্রবন্ধের কার্যক্রম বাংলা ও ইংরেজিতে দ্রুত সম্পন্ন করতে হবে। | ডিজি, বিএনএফই এবং ডিজি, নেপ |
| | | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০১৯ আয়োজন করতে হবে। | ডিজি, ডিপিই |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০২১ এবং জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৯ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | ডিজি, ডিপিই |
| | | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় আগামী ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম |
| | | আগামী ২০২২ শিক্ষাবর্ষের বই বিতরণের লক্ষ্যে বই প্রকিউরমেন্ট সম্পর্কিত সকল বিষয় দ্রুত সম্পন্ন করতে হবে। | ডিজি, ডিপিই; অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম |
| | | উপজেলা, জেলা এবং বিভাগ পর্যায়ে অনলাইনে সেমিনার/ সিম্পোজিয়াম সম্পন্ন করতে হবে। উক্ত সেমিনার/ সিম্পোজিয়ামে মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়; সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং ডিজি, ডিপিইকে সম্পৃক্ত করতে হবে। | ডিজি, ডিপিই; পরিচালক (প্রশাসন), ডিপিই; পরিচালক (আইএমডি), ডিপিই |
| | | কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে আগস্ট ২০২১ মাস হতে অনলাইনে উপজেলা, জেলা এবং বিভাগ পর্যায়ে মা-সমাবেশ আয়োজন করতে হবে। উক্ত মা সমাবেশে মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে সম্পৃক্ত করতে হবে। | ডিজি, ডিপিই |
| | | সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে শহীদ মিনার নির্মাণের তালিকা আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ডিজি, ডিপিই |
| | | সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিলের তথ্যাদি আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ডিজি, ডিপিই |
| | | ‘মুজিববর্ষ’ উপলক্ষ্যে মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটের স্বতন্ত্র পেইজের মধ্যে লিংক স্থাপন করতে হবে। | ডিজি (সকল); সিস্টেম এনালিস্ট, প্রাগম |
| | | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় ‘মুজিববর্ষ’ উপলক্ষ্যে ২১ লক্ষ নিরক্ষর নারী-পুরুষকে সাক্ষরতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজি, বিএনএফই |
| | | “মৌলিক সাক্ষরতা প্রকল্প” এর আর্থিক বিষয়ে iBAS++ এর সাথে সভার আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) |
| | | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন আগামী ৭ কর্মদিবসের মধ্যে প্রকাশ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন); উপসচিব (প্রশাসন-২), প্রাগম |
| ৭ | ইনোভেশন | সারাদেশে বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী উদ্যোগসমূহের তথ্যাদি পর্যালোচনাপূর্বক মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন শোকেসিংয়ের আয়োজন করে সারাদেশে স্বল্প সময়ে বাস্তবায়নযোগ্য ইনোভেশনগুলো অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সচিবের উপস্থিতিতে একটি সভার আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন); চিফ ইনোভেশন অফিসার এবং ইনোভেশন অফিসার (সকল) |
| | | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) এর লাইব্রেরীগুলোকে ডিজিটাল লাইব্রেরীতে রূপান্তরের বিষয়ে পরিচালক (আইএমডি) এর সহযোগিতা নিয়ে সিস্টেম এনালিস্ট কার্যক্রমটি বাস্তবায়ন করবেন। এ বিষয়ে একটি প্রেজেন্টেশনের আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিচালক (আইএমডি) এবং সিস্টেম এনালিস্ট; লাইব্রেরিয়ান, প্রাগম |

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | আগামী ০৭ আগস্ট ২০২১ তারিখে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ডকুমেন্টেশন সেন্টার পরিদর্শনের ব্যবস্থা করতে হবে। ডিপিই'র পরিচালক (আইএমডি) এবং মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট; লাইব্রেরিয়ান উক্ত পরিদর্শনে সম্পৃক্ত থাকবেন। | পরিচালক (আইএমডি), ডিপিই |
| ৮ | ই-ফাইলিংয়ের অগ্রগতি | এখন থেকে সকল বিষয় ই-নথিতে উপস্থাপন এবং পত্র জারি করতে হবে। তবে বিশেষ প্রয়োজনে, অথবা ই-ফাইলে উপস্থাপনযোগ্য নয় এমন বিষয় হার্ড ফাইলে উপস্থাপন করা যেতে পারে। | অনুবিভাগ প্রধান (সকল) এবং ডিজি (সকল) |
| | | মন্ত্রণালয়ের অধীন দপ্তর/ সংস্থাসমূহ এবং উপজেলা পর্যায়ে ই-নথি এবং ই-জিপি সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ডিজি (সকল) |
| ৯ | করোনা ভাইরাসজনিত পরিস্থিতিতে গৃহীত কার্যক্রম পর্যালোচনা | করোনা ভাইরাসজনিত পরিস্থিতিতে ঝরে পড়া রোধে সারাদেশে যথোপযুক্ত কার্যক্রম গ্রহণ করতে হবে। | ডিজি, ডিপিই; এবং অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম |
| | | পিটিআই ইনস্ট্রাক্টরগণের মাধ্যমে সরাসরি এবং অনলাইনে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (প্রশিক্ষণ) ও পরিচালক (আইএমডি) বিস্তারিত প্রতিবেদন দাখিল করবেন। | পরিচালক (প্রশিক্ষণ), ডিপিই; পরিচালক (আইএমডি), ডিপিই |
| | | এখন থেকে সকল প্রশিক্ষণের মডিউল নেপের বিওজি সভায় অনুমোদন গ্রহণ করতে হবে। | ডিজি, নেপ |
| ১০ | মেন্টরিং কার্যক্রম | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত মেন্টরিং টুলস্ প্রয়োজনীয় সংশোধন করে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং অনুমোদিত টুলসের উপর ডিজি, ডিপিই একটি প্রশিক্ষণের আয়োজন করবেন। ড. উত্তম কুমার দাশ, পরিচালক, ডিপিই সকল মেন্টরকে প্রশিক্ষণ প্রদান করবেন। | ডিজি, ডিপিই; অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাগম; পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন), ডিপিই |
| ১১ | বিবিধ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের লাইব্রেরিতে সংরক্ষিত বিভিন্ন ধরনের বই/পত্রিকা/ম্যাগাজিনসমূহ পুনরায় যাচাই-বাছাই করে আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাগম; উপসচিব (প্রশাসন-২); লাইব্রেরিয়ান, প্রাগম |
| | | এখন থেকে অনলাইনে মাননীয় প্রতিমন্ত্রী এবং সচিবের সভাপতিত্বে অনুষ্ঠেয় সভাসমূহে সকল অংশগ্রহণকারীর ডিভাইসের অডিও ও ভিডিও ব্যবস্থা সচল রাখতে হবে এবং সকলকে অফিসিয়াল ড্রেস পরে অডিও ও ভিডিও খুলে সভায় সংযুক্ত থাকতে হবে। | অনুবিভাগ প্রধান (সকল); ডিজি (সকল); যুগ্মসচিব (সকল); উপসচিব (সকল) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪/০৮/২০২১

গোলাম মোঃ হাসিবুল আলম
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

নং-৩৮.০০.০০০০.০০৫.০৬.০০৬.২০-১৬৮

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
০৫ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি-সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো; বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট; জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৪. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা।
৫. পরিচালক (প্রশিক্ষণ; আইএমডি; পরিবীক্ষণ ও মূল্যায়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৬. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
৭. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. প্রোগ্রামার; প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সহকারী সচিব (সকল); পরিসংখ্যান কর্মকর্তা; হিসাবরক্ষণ কর্মকর্তা; সহকারী প্রোগ্রামার; লাইব্রেরিয়ান; জনসংযোগ কর্মকর্তা; প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫.৮.২১

(মোহাম্মদ আশরাফুল আলম খান)
উপসচিব
ফোন: ০২-৯৫৬৫৭৭৭